

মণিপদ্মে

সমস্ত নক্ষত্রের সাথে
রত্তের সম্পর্ক আছে, তাই মধ্যরাতে
পৃথিবীতে চুপ পায়ে সুগভীর নৈঃশব্দ্য এলে
শোনা যায় তারাদের কথা মন মেলে।

মধ্যরাতে যেন বাজে হাজারিবাগের
শান্ত দুপুরের মাঝে গোলাপের সাজানো বাগানে
ভ্রমর গুঞ্জনের মত —
ওম্ মণি পদ্মে হুম্ — মণি পদ্মে হুম্ —

একটি পাথর বাড়ি অন্তরের অন্দরমহলে
মাঝখানে ভ্রমরের প্রাণ — নিমগ্ন হয়ে শোনে
অকর্ণগোচর
লক্ষ কোটি জন্মের প্রান্ত পার গান শতদলে।

একা একা নৌকা যায় আকাশ গঙ্গার স্রোতে দিকদিশাহীন —
শব্দপদবাচ্যশব্দহীন গভীর নিশায় —
কোথায় পায়ের নিচে পড়ে থাকে পিঁপড়ের ব্যস্ততা,
আশ্চর্য নীল গ্রহ, তার স্বপ্নিল দূর গিরিমালা
উঁইয়ের পাহাড় থেকে ছোট হয়ে যায় —
আকাশের অন্তকারে তারপর যেন মুছে যায় - প্রচণ্ড
আলোর মধ্যে যেন দৃশ্যমালা
নিমেষে অদৃশ্য হয়ে গেল।

সঞ্জিতা সেন

